

ব্যক্তিগত তথ্য:

পেশা : ক্যামিকাল কর্মচারী,  
শাহাদাতের স্থান : সাভার

### শহীদের জীবনী

রাজধানী ঢাকার অন্যতম প্রবেশমুখ সাভার। কোটা সংস্কার আন্দোলনের প্রথম থেকেই সাভার এলাকায় নিরস্ত্র আন্দোলনকারীদের ওপর পুলিশ, ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ আওয়ামী লীগের অন্যান্য অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা কর্মীরা অস্ত্র হাতে হামলা করতে থাকে। ৫ আগস্ট চূড়ান্ত পরিণতিতে গড়ায় কোটা সংস্কার আন্দোলন। এর আগে ৩১ জুলাই মার্চ ফর জাস্টিস কর্মসূচির পর বৃহস্পতিবারের জন্য নতুন কর্মসূচি ঘোষণা করে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারী বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। এই দিনের কর্মসূচির নাম দেওয়া হয়েছে 'রিমেম্বারিং আওয়ার

হিরোস'। বুধবার সন্ধ্যায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সহ-সমন্বয়ক রিফাত রশিদের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

যেভাবে শহীদ হয়

গত ৫ আগস্ট আমরা যে ঐতিহাসিক সফলতার স্বাদ অর্জন করেছি, যে স্বাধীনতা ছিনিয়ে নিয়েছি স্বৈরাচার পতনের মাধ্যমে তার পিছনের দিনগুলো অনেক ত্যাগ আর সাহসিকতার। অনেক গল্প এমন যে, সব মায়া ফেলে দেশের মানুষ ছাত্রদের সাথে একমত পোষণ করে রাজপথে নেমে আসে। এরই সাক্ষী হয়ে থাকবে প্রিয় শহীদ নিশান খান ভাই। নিকট ভবিষ্যতে যার আকাঙ্ক্ষা ছিল বাবা হওয়ার, সেই মানুষটি তার স্ত্রীর গর্ভে ৬ মাসের বাচ্চার মায়া ত্যাগ করে রাস্তায় নেমে আসে পরপর ৩ দিন। শহীদ নিশান খাঁন আমরা যেদিন স্বাধীনতা লাভ করলাম অর্থাৎ ৫ আগস্টে ও রাজপথে লং মার্চে অংশগ্রহণ করেন। ৫ আগস্ট বিকেলে সাভার থানা রোডে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে মিছিলে অংশগ্রহণ করে বুকের বাম দিকে গুলিবিদ্ধ হন নিশান খান। আশঙ্কাজনক অবস্থায় তাকে এনাম মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। পরে তার লাশ চাঁদপুর সদরের মনোহরখাদি গ্রামে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

শহীদ সম্পর্কে মন্তব্য

মায়ের আর্তনাদ, "নিশান আমাকে ফোন দেয়না কতদিন। নিশান আমার খোঁজ নেয়না কেন? আমার একটা ছেলে ওরে তোমরা ফিরিয়ে দাও। আমি আর সইতে পারছি না।

"চাচা বিল্লাল খান বলেন, "ঝগড়া বিরোধ করতনা। কেউ কোন অভিযোগ দিত না। তার মৃত্যু শুনে সবাই হতবিস্বল। আমার ভাইয়ের এক ছেলে শুধু সংসার চালাতো যে এখন কে চালাবে এই পরিবার। নামাজ দোয়া পড়তো নিয়মিত। নানা মাওলানা ছিলেন। সবার কাছেই গ্রহণযোগ্য ছিল নিশান।"

এক নজরে শহীদ মো: নিশান খান

নাম : মো: নিশান খান

পেশা : ক্যামিকাল কর্মচারী

জন্ম তারিখ ও বয়স : ২ জুন ১৯৮৭, ৩৭ বছর

আহত হওয়ার তারিখ : ৫ আগস্ট ২০২৪, সোমবার, আনুমানিক বিকাল ৫ : ৩০ টা

শহীদ হওয়ার তারিখ : ৫ আগস্ট ২০২৪

শাহাদাত বরণের স্থান : সাভার

দাফন করা হয় : চাঁদপুর

স্থায়ী ঠিকানা : মনোহরকান্দী, চাঁদপুর

পিতা : মো: হাফেজ খান

মাতা : রৌশনারা বেগম

ঘরবাড়ি ও সম্পদের অবস্থা : গ্রামে টিনের বাড়ি

সন্তানাদি ও ভাইবোনের বিবরণ : ভাই নাই। ৪ বোনের মধ্যে দুই বোন অবিবাহিত। ছোট বোন পড়াশোনা করে

সহযোগিতা প্রস্তাবনা

১. স্ত্রী মাস্টার্স পাশ। সরকারি চাকরির ব্যবস্থা করে দেওয়া যেতে পারে
২. ছোট বোনের পড়াশোনার দায়িত্ব গ্রহণ করা যায়
৩. ঈদ উৎসবে খোঁজ খবর নেওয়া যায়